দৈনিক সংবাদ

তারিখ 22 DEC 1990
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

81

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন সোমবার

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী ২৪শে ডিসেম্বর সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকর পরিষদ নির্বাচন। পরিষদের ১৫টি পদে এবারে শিক্ষকদের দু'টি প্যানেল প্রার্থী দিয়েছে। প্যানেল দু'টি হচ্ছে নীল এবং সাদা। শিক্ষকদের অপর একটি প্যানেল গোলাপী এবারের নির্বাচনে সরাসরি অংশগ্রহণ করেনি। তারা ঐক্যবদ্ধভাবে বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক শক্তির বিকাশের স্বার্থে নীল প্যানেলকে নির্বাচনে জয়ী করার জন্য

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক

( ১ম পাতার পর )

তাদের প্রচারপত্রে আহ্বান জানিয়েছে।

নির্বাচনে প্রার্থীরা হচ্ছেন নীল প্যানেলে ডঃ আবদুল জব্বার মিঞা সভাপতি, ডঃ সুলতানা শফি সহ-সভাপতি, ডঃ খন্দকার বজলুল হক কোষাধ্যক্ষ, ডঃ মোঃ শাহাদত আলী সাধারণ সম্পাদক ও ডঃ আ, আ, ম, স আরেফিন সিদ্দিক যুগ্মসম্পাদক।

সাদা প্যানেল থেকে ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী সভাপতি, ডঃ হাসনা বেগম সহ-সভাপতি, ডঃ মমতাজউদ্দিন আহমেদ কোষাধ্যক্ষ, ডঃ মোঃ আনোয়ার হোসেন সাধারণ সম্পাদক ও ডঃ শাহেদ হাসান যুগ্ম সম্পাদক।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় সাড়ে ৮শ' শিক্ষক এবারের নির্বাচনে ভোটদান করবেন।